দৈনিক ইত্তেফাক

তারিখ 21 APR ১৯৯৮
পৃষ্ঠা ১২ কলাম ৩

এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস

# সংসদে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ

**সংসদ রিপোর্টার ঃ** জাতীয় পার্টির ডাঃ রুস্তম আলী ফরায়জী গতকাল জাতীয় সংসদে এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছেন। তিনি এ ব্যাপারে একটি বিবৃতি প্রদানের জন্যও শিক্ষামন্ত্রীর কাছে দাবী জানান।

একাত্তর বিধিতে জরুরী জন গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণী নোটিশ অগ্রাহ্য হলে জনাব ফরায়জী এ ব্যাপারে দু'মিনিট বক্তব্য রাখেন। তিনি বলেন, জাতি আজ উদ্বিগ্ন। বাংলা এবং ইংরেজী পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে গেছে। পত্রিকায় খবর বেরিয়েছে যে, এসএসসি পরীক্ষার সকল প্রশ্নপত্রই ফাঁস হয়ে পড়েছে। গত বছরও এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছিল।